

ডেমড্রেসিওয়াচের মানবাধিকার বিষয়ক মাসিক প্রতিবেদন

জুন মাসে সারা দেশে খুন ১৪৫, ধর্ষণ ১৫ ও আত্মহত্যা ১৪

বেসরকারী মানবাধিকার সংস্থা ডেমড্রেসিওয়াচের মানবাধিকার সেল ১-৩০ জুন পর্যন্ত দেশের জাতীয় সংবাদপত্রে প্রকাশিত দেশের আইন-শৃঙ্খলা ও মানবাধিকার সংক্রান্ত সংবাদপত্রে প্রকাশিত রিপোর্টসমূহ নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে আসছে। ৫টি জাতীয় দৈনিক প্রথম আলো, সমকাল, কালের কণ্ঠ, ডেইলি স্টার ও নিউ এইজ এই পর্যবেক্ষণের আওতায় রয়েছে। যে সব বিষয় বা ঘটনা পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয় তাহলো : খুন, সামাজিক সংঘর্ষ, ধর্ষণ, এসিড নিক্ষেপ ছোড়া, আত্মহত্যা, অপহরণ, ইভটিজিং, গ্রেফতার ফাঁসি ও জরিমানা এবং সাংবাদিক নির্যাতন ইত্যাদি। এই রিপোর্টে জুন ২০১০ এ সারাদেশে সংঘটিত প্রকাশিত আইন-শৃঙ্খলা ও মানবাধিকার লংঘনের ঘটনাবলীর একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়েছে।

প্রাপ্ত তথ্য:

খুন: জুন মাসে (সারা দেশে সন্ত্রাসী হামলা, ডাকাতি, জমি নিয়ে বিরোধ, সম্পত্তি নিয়ে মারামারি ও দলাদলি, যৌতুক, ধর্ষণ, এসিড নিক্ষেপ, ক্রসফায়ারে খুন হয় ১৩৪ জন, যৌতুকে ৫ জন ও ধর্ষণে ৬ জন) সর্বমোট খুন হয় ১৪৫ জন। এর মধ্যে পুরুষ ৭৮ মহিলা ৬১ ও শিশু রয়েছে ৬ জন।

ধর্ষণ: জুন মাসে সারা দেশে ১৫ টি ঘটনায় ১৫ জন ধর্ষনের শিকার হয়। এর মধ্যে ৪ নারী ও ২ শিশু নিহত হয়। নিহতদের মধ্যে আছেন শরীয়তপুরের বকুল বেগম, কিশোরগঞ্জের নাজমা আক্তার, চট্টগ্রামের আক্তার বেগম, টাঙ্গাইলের ফারজানা। ময়মনসিংহ, নারায়নগঞ্জ, দিনাজপুর, শরীয়তপুর, যশোর ও গাজীপুরে এসব ঘটনা ঘটে।

এসিড নিক্ষেপ: জুন মাসে এসিড নিক্ষেপের ঘটনা ঘটে ২টি। এসিড নিক্ষেপের ঘটনায় মাগুরায় মা মেয়ে ও নোয়াখালীতে এক পরিবারের ৩ জন আহত হন। প্রেমে ব্যর্থতার কারণে এসিড নিক্ষেপের ঘটনা ঘটেছে বলে জানা যায়।

আত্মহত্যা : জুন মাসে সারা দেশে আত্মহত্যা করে ১৭ জন। এর মধ্যে রয়েছেন ১৪ নারী ও ৩ পুরুষ। ঢাকা, বগুড়া, গাইবান্ধা, ময়মনসিংহ ও চট্টগ্রামে এই ঘটনা ঘটে। যৌতুক, পারিবারিক দ্বন্দ্ব ও ইভটিজিং কারণে এই আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়।

যৌতুক : জুন মাসে সারা দেশে যৌতুকের নির্যাতনের ঘটনা ঘটে ১১টি। এ সব ঘটনায় নিহত হন ৫ জন নারী। যৌতুকের নির্মম নির্যাতনে যারা নিহত হন তারা হলেন ময়মনসিংহের নিলুফার ইয়াসমিন, মাদারীপুরের খাদিজা বেগম, বাজিতপুরের চম্পা ঘোষ, টাঙ্গাইলের কনা আক্তার ও রাজশাহীর সুরমা বেগম।

অপহরণ ও উদ্ধার: জুন মাসে সারাদেশে ১৫টি অপহরণের ঘটনা ঘটে। এর মধ্যে ৪ জনকে পুলিশের সহায়তায় উদ্ধার করা হয়। ১ জন ব্যবসায়ী ও ২ জন কিশোরের লাশ উদ্ধার করা হয়। বাকিরা এখনো উদ্ধার হয়নি।

গ্রেপ্তার ফাঁসি ও জরিমানা : জুন মাসে সারাদেশে মানবাধিকার লংঘন সংক্রান্ত বিভিন্ন ঘটনায় ৮১ জন গ্রেপ্তার হয়েছে ও ১১টি মামলা হয়েছে। ফাঁসির আদেশ হয়েছে ২৪টি ও বিভিন্ন মামলায় যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে ৩৮ জনের।

তালেয়া রেহমান
নির্বাহী পরিচালক